

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৮২

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ দশম কারণ কোন ব্যক্তির রসূন, পেয়াজ খাওয়া অতঃপর তার গন্ধ না যাওয়া পর্যন্ত মসজিদে না যাওয়া

ذِكْرُ الْعُذْرِ الْعَاشِرِ وَهُوَ أَكْلُ الْإِنْسَانِ الثُّومَ وَالْبَصِلَ إِلَى أَنْ يَذْهَبَ رِيحُهَا

আরবী

2082 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ أَنَّ أَبَا النَّجِيبِ مَوْلَى عَبْدِ الْبُدُوعَ حَدَّثَهُ أَنَّهُ ذُكِرَ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ اللَّهِ بْنِ سَعْدٍ حَدَّثَهُ: أَنَّ أَبَا سَعِيدِ الْخُدْرِيَّ حَدَّثَهُ أَنَّهُ ذُكِرَ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الثَّهُ مَ الثُّومُ وَالْبَصَلُ وَقِيلَ: يَا رَسُولَ اللَّهِ وَأَشَدُّ ذَلِكَ كُلِّهِ الثُّومُ أَفَنُحَرِّمُهُ وَالْبَصَلُ وَقِيلَ: يَا رَسُولَ اللَّهِ وَأَشَدُّ ذَلِكَ كُلِّهِ الثُّومُ الْمَسْجِدَ حَتَّى تَذْهَبَ اللَّهِ صَلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كُلُوهُ وَمَنْ أَكَلَهُ مِنْكُمْ فَلَا يَقْرَبْ هَذَا الْمَسْجِدَ حَتَّى تَذْهَبَ رَيحُهُ)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2082 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2032)

বাংলা

২০৮২. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে পেয়াজ ও রসূনের কথা আলোচনা করা হলো, তাঁকে বলা হলো, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এর মধ্যে সবচেয়ে কঠিন হলো রসূন। আমরা কি এটাকে হারাম গণ্য করবো?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা এটা খেতে পারবে। তোমাদের মধ্যে যে ব্যক্তি এটা খাবে, সে যেন সেটার গন্ধ না যাওয়া পর্যন্ত এই মাসজিদের কাছে না আসে।"[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ৩৮২৩; সুনান বাইহাকী: ৩/৭৭; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৬৬৭; মুসনাদ আহমাদ: ৩/১২; সহীহ মুসলিম: ৫৬৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৭৩৩।



হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২০৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন